


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

বিষয়: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে ষাঠ পর্যায়ের চলমান “কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা কর্মসূচি” এর সার্বিক পরিস্থিতি ও জব লিংকেজ বিষয়ে ভার্সুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : দেবব্রত চক্রবর্তী
: মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ০৩.০৩.২০২৬ তারিখ এবং ০৫.০৩.২০২৬ তারিখ
সময় : সকাল ১০ টা ও বেলা ২ টা এবং সকাল ১০টা ও বেলা ২টা।
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:	বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ক.	সভায় উপপরিচালক (মনিটরিং) জানান যে, শিক্ষার্থী রেজিস্ট্রেশন যত দ্রুত করা, দ্বিতীয় কনসালটেশন সেশন সম্পন্ন করা, প্রতিষ্ঠানের এক্সিডিটেশন আবেদন ফরম প্রেরণ, উপজেলা অফিসের কর্মচারীদের বেতন ভাতা নিশ্চিত করণ, শিক্ষার্থীদের জব লিংকেজ নিশ্চিত করণ, প্রশিক্ষার্থীদের প্রত্যয়নপত্র সংরক্ষণ, শিক্ষার্থীদের নামে ব্যাংক হিসাব খোলা নিশ্চিত করণ, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা অফিস স্থাপন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মহাপরিচালক সকল প্রকার প্রতিবেদন ১০.০৩.২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল জেলার সহকারী পরিচালকদের অনুরোধ করেন।	আগামী ১০ মার্চ ২০২৬ তারিখের মধ্যে জব লিংকেজ বিষয়ক তালিকা ও শিক্ষার্থী প্রত্যয়ন পত্রসহ অন্যান্য প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (সকল) জেলা।
খ.	পোর্টফোলিও অনুযায়ী নিয়মিত ধারাবাহিক মূল্যায়ন (Formative Assessment)-বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	চূড়ান্ত মূল্যায়নের পূর্বেই ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে।	সহকারী পরিচালক (সকল) জেলা।
গ.	ঢাকা, নরসিংদী, টাংগাইল, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, মেহেরপুর, মাগুরা, কুমিল্লা, বান্দরবান, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, বরিশাল, বরগুনা, ভোলা, পটুয়াখালী, সিলেট, নওগাঁ, সিরাজগঞ্জ, পাবনা, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, রংপুর জেলা হতে মাসিক মনিটরিং প্রতিবেদন পাওয়া যায় নাই। মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের জন্য মহাপরিচালক অনুরোধ করেন।	মাসিক মনিটরিং প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক সংশ্লিষ্ট জেলা।


দেবব্রত চক্রবর্তী

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-২২৬৬০১১৩০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১৮ মার্চ ২০২৬

স্মারক নং ৩৮.০০.০০০০.৩০৬.০৬.০১৭.২২- ১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক, (প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ৪। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল) জেলা।
- ৬। অফিস কপি।


মোঃ রুহুল আমিন

উপপরিচালক (মনিটরিং ও মূল্যায়ন)

ফোন: ০২-২২২৬৬০১১২৫